

খসড়া



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়



ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম
বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত
নীতিমালা-২০১৮

কোর্স পরিচিতি

এ কোর্সের নাম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। এ শিক্ষাক্রমের মেয়াদ ৪ (চার) বছর অর্থাৎ ৮ (আট) সেমিস্টার। ১ (এক) থেকে ৭ (সাত) সেমিস্টার পর্যন্ত সংশ্লিষ্ট ইনসিটিউট/প্রতিষ্ঠানে পরিচালিত হবে। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী শিল্প কারখানায় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৮ (আট) শিক্ষাবর্ষ পর্যন্ত কার্যকর থাকবে। প্রতি পর্বের শিক্ষাক্রম বাস্তবায়নের মেয়াদ হবে পর্বমধ্য পরীক্ষাসহ ১৬ কার্য সংগ্রহ। প্রতি কার্য সংগ্রহে ৩০-৪০ পিরিয়ড অনুষ্ঠিত হবে। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংয়ের মোট ১৬ কার্যসংগ্রহ ইন্ডাস্ট্রি/সংস্থায় ও ৪ কার্যসংগ্রহ ইনসিটিউটে অনুষ্ঠিত হবে।

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রধান উদ্দেশ্য :

- আধুনিক প্রযুক্তিজ্ঞান সম্পন্ন মধ্যম স্তরের দক্ষ জনশক্তি সৃষ্টি করা ;
- টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মাদ্রাসা ও ভোকেশনাল ইনসিটিউটসমূহে পাঠদানের জন্য দক্ষ শিক্ষক তৈরি করা ;
- দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরি করা ;
- আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ;
- এমন এক শ্রেণির কারিগরি জ্ঞানসম্পন্ন জনশক্তি তৈরি করা, যারা স্নাতক প্রকৌশলীদের উভাবিত প্রযুক্তি বাস্তবায়নের কাজে সহযোগী ভূমিকা পালন করবে ;
- উৎপাদন কর্মকাণ্ডের সাথে জড়িত দক্ষ কর্মকুশলীদের কাজের তত্ত্বাবধান করবে ;

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতির জন্য অ্যাফিলিয়েশন, শাখা সংযোজন, আসন বৃদ্ধি, স্বীকৃতি প্রদান, নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা :

১. প্রস্তাবনা :

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস.আর.ও নং ৫২-আইন/৯৬) অনুসারে এবং Technical Education Act, ১৯৬৭ (E. P. Act No.1 of 1967) এর Section 40(2) এর Clause (e) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বেসরকারি উদ্যোগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি ও অ্যাফিলিয়েশন, শাখা সংযোজন, আসন বৃদ্ধি, স্বীকৃতি প্রদান, নাম পরিবর্তন, স্থানান্তর, নবায়ন বাতিল/প্রত্যাহার সংক্রান্ত এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২. শিরোনাম :

এ নীতিমালা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ও স্বীকৃতির নীতিমালা, ২০১৮ নামে অভিহিত হবে।

৩. সংজ্ঞা :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না হলে এ নীতিমালায় :

- ৩.১ ‘কারিগরি শিক্ষা’ অর্থ Technical Education Act, এ 1967 (E.P. Act No.1 of 1967) এর Section-২ এর Clause (d) তে উল্লিখিত Technical education;
- ৩.২ ‘বোর্ড’ অর্থ Technical Education Act, ১৯৬৭ (E.P. Act no.1 of 1967) এর Section-3 ও এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board ;
- ৩.৩ ‘প্রতিষ্ঠান’ অর্থ বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ;
- ৩.৪ ‘বাছাই কমিটি’ অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমষ্টিয়ে গঠিত কমিটি, যে কমিটি আবেদনপত্র থাথমিকভাবে বাছাই করবে;
- ৩.৫ ‘ফি’ অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ বুৰাবে ;
- ৩.৬ ‘পরিদর্শন টিম’ অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ-সুবিধা সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত দল;
- ৩.৭ ‘অ্যাফিলিয়েশন কমিটি’ অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমষ্টিয়ে গঠিত একটি কমিটি, যে কমিটি বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি, শাখা সংযোজন, আসন বৃদ্ধি এবং স্বীকৃতি প্রদান করবে ;
- ৩.৮ ‘প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি’ অর্থ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য অবকাঠামো নির্মাণসহ পাঠদানের সকল শর্ত পূরণের প্রস্তুতি গ্রহণের অনুমতি প্রদান ;
- ৩.৯ ‘পাঠদানের অনুমতি’ অর্থ বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ প্রণয়ন সাপেক্ষে প্রতিষ্ঠানে নিয়মিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান ;
- ৩.১০ ‘স্বীকৃতি’ অর্থ বোর্ড কর্তৃক ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে চূড়ান্ত অনুমোদন প্রদান ;
- ৩.১১ ‘প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি বাতিল/প্রত্যাহার’ অর্থ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপনে বোর্ড প্রদত্ত অনুমতি রহিত করা ;

- ৩.১২ ‘পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার’ অর্থ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে পাঠদানে বোর্ড প্রদত্ত অনুমতি রাহিত করা ;
- ৩.১৩ “স্বীকৃতি বাতিল/প্রত্যাহার” অর্থ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের স্বীকৃতি বোর্ড প্রদত্ত অনুমতি রাহিত করা ;
- ৩.১৪ ‘শিক্ষার্থী’ অর্থ বোর্ড কর্তৃক ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে নিবন্ধিত ছাত্র বা ছাত্রী;
৮. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান অনুমোদনের নীতিমালা :
- ৮.১ প্রতিষ্ঠানের ধরন : স্বতন্ত্র প্রতিষ্ঠান
- ৮.১.১ কেবল ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান ;
- ৮.১.২ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত এস.এস.সি (ভোকেশনাল) এবং এইচ.এস.সি (বিএম) কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানের সাথে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান অথবা বিপরীতক্রম ;
- ৮.১.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত ৪ (চার)/৩ (তিনি) বছর মেয়াদি ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের সাথে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান অথবা বিপরীতক্রম ;
- [উল্লেখ্য যে, কারিগরি সকল প্রতিষ্ঠান অন্য কারিগরি প্রতিষ্ঠানের সাথে শর্ত পূরন সাপেক্ষে অনুমোদন দেয়া যাবে।]
- ৮.২ প্রতিষ্ঠানের নামকরণ :
- ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠান স্থাপন করা হলে প্রতিষ্ঠানটির নামকরণ বিশেষায়িত নামের শেষে পলিটেকনিক ইন্সটিউট/ইনফরমেশন টেকনোলজি ইন্সটিউট/সায়েন্স এবং টেকনোলজি ইন্সটিউট/বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য নাম থাকতে হবে।
- ৮.২.১ জেলা ও উপজেলা এবং সরকার অনুমোদিত কোন প্রকল্পের নাম ব্যবহার করে কোন বেসরকারি প্রতিষ্ঠানের নাম করন করা যাবেনা।
- ৮.২.২ কোন প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর একই নামে একই জেলায় একাধিক প্রতিষ্ঠান করা যাবে না।
- ৮.২.৩ জাতীয় নেতৃত্বন্দের নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সরকারের নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ৮.২.৪ নামকরণের ক্ষেত্রে শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করলে তার পুনাঙ্গুরণ পাশাপাশি নিখতে হবে। তবে সরকার কর্তৃক নিবন্ধিত সংস্থা শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করতে পারবে।
- ৮.২.৫ প্রতিষ্ঠানের বাংলা নামের পাশাপাশি একইসাথে ইংরেজি নাম অনুমোদন করতে হবে।
- ৮.৩ ব্যক্তির নামে নামকরণ :
- ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করতে হবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাড়চারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবে না।
- ৮.৪ আবেদনকৃত প্রতিষ্ঠান হতে একই ধরনের প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব :
- মেট্রোপলিটন, পৌর ও শিল্প এলাকার জন্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব সাধারণভাবে ১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ৩ (তিনি) কিলোমিটার হতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে সরকারি কোন আদেশ জারি হলে তা প্রযোজ্য হবে। আবেদনের সাথে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত দূরত্ব সনদ দাখিল করতে হবে।
- ৮.৫ প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা :
- প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ১ (এক) লক্ষ হতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট উপজেলা পরিসংখ্যান অফিসার কর্তৃক প্রদত্ত ন্যূনতম জনসংখ্যার সনদ এবং এলাকার আর্থ-সামাজিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাখিল করতে হবে।
- ৮.৬ প্রতিষ্ঠানের নিজস্ব জমির পরিমাণ :
- (ক) প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় ন্যূনতম অধিক ১০ (দশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অধিক ১৫ (পনেরো) শতাংশ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি কর্তৃক জমির উপর পরিশিষ্ট-১ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষাঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।
- (খ) মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন এলাকায় যে সকল প্রতিষ্ঠান ভাড়াবাড়ীতে অনুমোদন প্রাপ্ত হয়ে শিক্ষাক্রম চালু আছে। সে সকল প্রতিষ্ঠানের অন্যান্য শর্তসমূহ পূরন সাপেক্ষে প্রতিষ্ঠানের নামে জমির পরিবর্তে অধিক ১২ হাজার বর্গফুট (২টি টেকনোলজির জন্য) প্রতিষ্ঠানের নামে ফ্লোর স্পেস ক্রয় করে পরিদর্শন রির্ণেট সম্মত সাপেক্ষে স্থান পরিবর্তন করতে পারবে। ভারী যন্ত্রপাতি সম্পর্কিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সম্পর্কিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করা যাবে।

- 8.7 ভৌত অবকাঠামো : পরিশিষ্ট -১।
- 8.8 যন্ত্রপাতি :
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রগৌত টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা অনুযায়ী যন্ত্রপাতি থাকতে হবে। পাঠদানের অনুমতি/স্বীকৃতির জন্য আবেদনপত্রের সাথে যন্ত্রপাতির তালিকা সংযুক্ত করতে হবে।
- 8.9 বিদ্যুৎ সুবিধা :
- প্রতিষ্ঠানের নামে বৈধ বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র ও প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বিদ্যুৎ বিল দাখিল করতে হবে।
- 8.10 আসবাবপত্র ও শিক্ষা উপকরণ : পরিশিষ্ট -২।
- 8.11 ব্যবস্থাপনা কমিটি :
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস আর ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী স্বীকৃতি/অনুমতি প্রাপ্তির ৩ (তিনি) মাসের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।
- 8.12 শিক্ষক-কর্মচারী :
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪-আইন/৯৬) মোতাবেক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে। শিক্ষক/কর্মচারী বাছাই কমিটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড গঠন করবে (এসআরও নং-৫৪-ধাৰা-৪, আইন-৯৬)। সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলি প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানটি এমপিওভূক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাত্তাদি প্রদান করতে হবে। কোন ভাবে এমপিও দাবি করা যাবে না।
- 8.12.1 জনবল কাঠামো: ৪ ফেব্রুয়ারি, ২০১০-এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত জনবল কাঠামো।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন
০১.	অধ্যক্ষ	০১ জন	
০২.	উপাধ্যক্ষ	০১ জন	
০৩.	চীফ ইন্ট্রাক্টর	০১ জন প্রতি টেকনোলজি	
০৪.	ইন্ট্রাক্টর (টেক)	০১ জন (প্রতি টেকনোলজি)	
০৫.	ইন্ট্রাক্টও (নন-টেক) ভাষা/বিজ্ঞান ও গণিত/ ব্যবস্থাপনা	০১ জন (প্রতি ০২ টেকনোলজি)	
০৬.	জুনিয়র ইন্ট্রাক্টর (টেক)	০২ জন (প্রতি টেকনোলজি)	
০৭.	জুনিয়র ইন্ট্রাক্টও (নন-টেক) ভাষা/বিজ্ঞান ও গণিত/ব্যবস্থাপনা	০১ জন (প্রতি টেকনোলজি)	
০৮.	সহকারি শিক্ষক (শরীর চর্চা)	০১ জন	
০৯.	কম্পিউটার ডেমোনিস্টেটর	০১ জন	
১০.	সহকারি এন্থাগারিক	০১ জন	
১১.	অফিস সহকারি কাম-হিসাব সহকারি	০১ জন	
১২.	নিম্নমান সহকারি কাম-কম্পিউটার অপারেটর	০১ জন	
১৩.	ল্যাব/শপ/কম্পিউটার এ্যাসিস্টেন্ট	০১ জন (প্রতি টেকনোলজি)	
১৪.	বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট	০১ জন	
১৫.	এমএলএসএস (গার্ড/মালি/ঝাড়ুদার)	০১ জন	
১৬.	আয়া	০১ জন	

*সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত জনবল কাঠামো অনুসরণ করতে হবে।

- 8.13 এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোন প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা যাবে না। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোন প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা হলে সেসব প্রতিষ্ঠানকে কোন অবস্থায় বোর্ড কর্তৃক স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান করা হবে না।

8.14 লাইব্রেরি : পরিশিষ্ট -৭।

8.15 প্রতিষ্ঠানের তহবিল :

8.15.1 সাধারণ তহবিল :

প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে ৩ (তিনি) লক্ষ টাকা জমা থাকতে হবে। আবেদনপত্রের সাথে হাল নাগাদ ব্যাংকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

8.15.2 সংরক্ষিত তহবিল :

প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। এছাড়া ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে ৪.৩ ধারায় উল্লিখিত ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মোট ২০ (বিশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করতে হবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাড়চারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে টাকা জমা থাকার ডকুমেন্ট (এফডিআর) হিসেবে হাল নাগাদ ব্যাংকের প্রত্যয়নপত্র

জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোন প্রতিষ্ঠানের সাথে শাখা সংযোজনের ক্ষেত্রে সংস্থার/বিদ্যমান প্রতিষ্ঠানের বাস্তুরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা কোন অবস্থাতেই বোর্ডের অনুমোদন ছাড়া উত্তোলন করা যাবে না।

৫.০ প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের জন্য আবেদন করার পদ্ধতি :

৫.১ প্রতিষ্ঠান স্থাপনের জন্য আবেদন পদ্ধতি :

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ওয়েবসাইট হতে আবেদনপত্র ও নীতিমালা ডাউন লোড করে চেয়ারম্যান বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে। আবেদনপত্র ফি বাবদ ৫০০ (পাঁচ শত) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ব্যাংক রশিদ/ব্যাংক ড্রাফট/পে-আর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

৫.১.১ অনুমতির জন্য শর্তসমূহ:

৫.১.১.১ প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের একটি পরিচালনা কমিটি থাকতে হবে;

৫.১.১.২ প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রতিষ্ঠানের নামে/পরিচালনা কমিটির সদস্যের নামে প্রয়োজনীয় পরিমাণ জমি থাকতে হবে। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর অবশ্যই পাঠদানের আবেদনের পূর্বে জমি প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনসহ নামজারি করতে হবে।

৫.১.১.৩ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ অর্থ প্রতিষ্ঠানের নামে/পরিচালনা কমিটির সদস্যের নামে থাকতে হবে।

৫.১.১.৪ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে।

৫.১.১.৫ উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে।

৫.২ অনুমতি প্রাপ্তির জন্য প্রাথমিকভাবে উপযুক্ত প্রতিষ্ঠান বাছাই :

বোর্ড নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক জমাকৃত আবেদনপত্রসহ প্রয়োজনীয় নথিপত্র শিক্ষাক্রম অনুমোদন নীতিমালা অনুসারে যাচাই-বাছাইপূর্বক ৫.১.১ এর শর্তসমূহ বিবেচনায় প্রাথমিকভাবে যোগ্য প্রতিষ্ঠান বাছাই করা হবে। প্রতিষ্ঠানের প্রাক-যোগ্যতা যাচাইকালে নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে:

৫.২.১ প্রস্তাবিত প্রতিষ্ঠান যাতে জেলা/উপজেলা/ইউনিয়নে সুষম বন্টন হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

৫.২.২ প্রস্তাবিত প্রতিষ্ঠানের জমি/অবকাঠামো, যন্ত্রপাতি ইত্যাদি বিদ্যমান থাকলে অগ্রাধিকার পাবে।

৫.২.৩ আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান সুযোগ-সুবিধা অনুসারে মূল্যায়ন করতে হবে।

৫.৩ অ্যাফিলিয়েশন কমিটির মাধ্যমে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন:

প্রাথমিকভাবে বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানসমূহ বোর্ডের অ্যাফিলিয়েশন কমিটির সভায় উপস্থাপন করা হবে। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশ অনুসারে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

৫.৪ পরিদর্শন ফি প্রদান :

বাছাই কমিটি এবং অ্যাফিলিয়েশন কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে বোর্ড নির্ধারিত হারে পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিত করা হবে। নির্ধারিত ফি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে।

৫.৫ পরিদর্শন টিম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ :

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাছাইকৃত ও পরিদর্শন ফি প্রদানকারী উপযুক্ত প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম সরেজিমেনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা সম্পর্কে মতামত, প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় নথিপত্রের যথার্থতা নিরপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবেন।

৬.০ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান অনুমোদন :

প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান :

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থান্তরিত প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং ৫২-আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রণীত নীতিমালার শর্তাবলী পূরণপূর্বক পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে উপযুক্ত প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রযোজ্য শর্তাবলোপসহ অনুর্ধ্ব ০২ (দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠান স্থাপনের জন্য অনুমতি প্রদান করা হবে। জমি প্রতিষ্ঠানের নামে না থাকলে প্রতিষ্ঠান স্থাপনের আবেদনের সাথে 'প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর প্রতিষ্ঠানের নামে জমি রেজিস্ট্রি ও নামজারি করে দেয়া হবে' মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করার লক্ষ্যে প্রতিষ্ঠানের নামে জমি রেজিস্ট্রেশনসহ নামজারী, অবকাঠামো, যন্ত্রপাতি এবং নীতিমালা অনুসারে অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণপূর্বক বোর্ডকে অবহিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী প্রতিষ্ঠান স্থাপনে বা অনুমতি প্রাপ্তির শর্তপূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে। প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান বোর্ডের অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের মাধ্যমে প্রদান করা হবে।

৬.১.১ প্রতিষ্ঠান স্থাপনের সময়সীমা অনুমোদন প্রাপ্তির সর্বোচ্চ ২ (দুই) বছর। এই ২ (দুই) বছরের মধ্যে পাঠদানের অনুমোদন না হলে স্থাপনের অনুমোদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

৬.১.২ কোন প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে যে কোন শর্ত শিথিল করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

৬.২

পাঠদানের অনুমতি প্রদান :

ছাপনের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে পাঠদানের অনুমতির আবেদনের প্রেক্ষিতে বোর্ড বাস্তব অবস্থা সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করবে। পরিদর্শন টিম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা সম্পর্কে মতামত, প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবে। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রাবিধানমালা, ১৯৯৬ (এস.আর.ও নং-৫২-আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রগতি নীতিমালার শর্তাবলী পূরণসাপেক্ষে পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে অ্যাফিলিয়েশন কমিটি উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন এবং সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদানের সুপারিশ করবে। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শাখা আবেদনাধীন প্রতিষ্ঠানকে প্রযোজ্য শর্তাবলী পূরণ সাপেক্ষে পাঠদানের ১ (এক) বছরের জন্য ডিপোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পাঠদানের অনুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের পাঠদানের অনুমোদন প্রাপ্তি সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র প্রদানের নিশ্চয়তা বিধান করেন। কেন্দ্র প্রদানের ক্ষমতা বোর্ড সংরক্ষন করে।

৬.৩

পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি :

বোর্ড নির্ধারিত মেয়াদ সমাপ্ত হলে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর অনুমতির মেয়াদ বৃদ্ধির জন্য বোর্ড নির্ধারিত হারে ফি প্রদান করে নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের বিদ্যমান ছাত্রাত্মী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যত্নপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা যাবে। পাঠদানের অনুমতির মেয়াদ ধারাবাহিকভাবে ৪ (চার) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে। উল্লিখিত সময়ের মধ্যে প্রযোজ্য কোন শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হবে না। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬.৪

পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার :

বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যত্নপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

৬.৫

স্বীকৃতি :

- চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতি প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিক ভাবে ০৩ (তিনি) ব্যাচ ৮-ম পর্ব চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ৮-ম পর্ব পরীক্ষায় বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী অংশ গ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে স্বীকৃতির জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রযোজনীয় নথিপত্রসহ আবেদন করতে পারবে।
- প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালিন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যত্নপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ থাকতে হবে।
- প্রযোজ্য কোন শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না।

৬.৬

টেকনোলজি সংযোজন :

প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে টেকনোলজি সংযোজনের নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। পরবর্তী কার্যক্রম পাঠদান অনুমোদনের অনুরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠানের দুরত্ব ও জনসংখ্যা নতুন প্রতিষ্ঠান স্থাপনের শর্তের অনুরূপ হবে।

কোন অবস্থাতেই ভাড়া বাড়িতে পরিচালিত প্রতিষ্ঠানে টেকনোলজি সংযোজন/আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন দেয়া যাবে না। ভাড়া বাড়িতে পরিচালিত প্রতিষ্ঠানকে নিজস্ব জায়গায় স্থানান্তরের জন্য নির্দিষ্ট সময় দিয়ে পত্র পেরণ করতে হবে। নির্দিষ্ট সময় পরে এ সম্মত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম স্থগিত করা হবে।

৬.৭

গ্রন্থ বৃদ্ধি :

প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে গ্রন্থ বৃদ্ধির জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক ও ক্লাসরুম বৃদ্ধি করতে হবে। প্রতি গ্রন্থ বৃদ্ধি জন্য অ্যাফিলিয়েশন ফিসের ৫০% অতিরিক্ত প্রদান করতে পারবে।

৭.০

বোর্ড সভার অনুমোদন :

পাঠদানের অনুমতি প্রদানের পর বোর্ড সভার অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ড অনুমোদিত বলে বিবেচিত হবে।

৮.০

আসন সংখ্যা :

প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা (ড্রপআউটসহ) ৫০ (পঞ্চাশ) জন।

৯.০

অ্যাফিলিয়েশন ফি:

পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির পর বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

- ১০.০ স্বীকৃতি নবায়ন :**
 স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত হারে ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রামাণ্য কাগজপত্র সংযুক্ত করতে হবে। সকল শর্তপূরণ থাকলে স্বীকৃতি নবায়ন করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোন শর্তপূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।
- ১১.০ স্থান পরিবর্তন :**
 (ক) প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের জন্য ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বোর্ডে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিষ্ঠাক্ষরযুক্ত সভার কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। বোর্ডের পরিদর্শন ও অন্যান্য প্রয়োজ্য শর্তাবলি (**প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের শর্তসমূহ**) পূরণ হলে বোর্ডের অনুমোদনক্রমে স্থান পরিবর্তন করা যাবে।
 খ) ভৌগলিক ও প্রাকৃতিক কারণে যেমন: নদী ভঙ্গন, প্রাকৃতিক দূর্ঘেগ ইত্যাদি। অথবা সরকারের ভূমি অধিগ্রহণজনিত কারণে, কংক্ষিত সংখ্যক শিক্ষার্থী পাওয়া না গেলে স্থান পরিবর্তন করা যাবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের শর্তসমূহ প্রযোজ্য হবে।
- ১২.০ নাম পরিবর্তন :**
 প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করতে চাইলে বোর্ডের নিকট উপযুক্ত কারণ প্রদর্শন করে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিষ্ঠাক্ষরযুক্ত কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। বোর্ড সঙ্গত মনে করলে নাম পরিবর্তনের অনুমতি প্রদান করবে। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। (পরিবর্তিত নামে সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, জমি রেজিস্ট্রি, নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। জাতীয় ও স্থানীয় ২ (দুই)টি পত্রিকায় নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।)
- ১২.১ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মহিলা প্রতিষ্ঠান সহশিক্ষায় রূপান্তর করা যাবে।**
- ১৩.০ পাঠ্যক্রম :**
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১৪.০ ক্লাসরুটিন :**
 শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাসরুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে। কুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম শাখায় জমা দিতে হবে।
- ১৫.০ ব্যবহারিক ক্লাস :**
 শিক্ষার্থীকে দক্ষ মধ্যম স্তরের প্রকৌশলী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ১৬.০ ধারাবাহিক মূল্যায়ন :**
 বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে।
- ১৭.০ ব্যবহারিক ক্লাসের দ্রব্যাদি :**
 ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুতে বাজেট প্রণয়ন করতে হবে।
- ১৮.০ ল্যাব :**
 নৈতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিত করতে হবে, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করতে হবে এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে।
- ১৯.০ পরীক্ষানুষ্ঠান :**
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২০.০ শিক্ষা বর্ষপঞ্জি :**
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।
- ২১.০ সহপাঠ্য কার্যক্রম :**
 বার্ষিক ক্রীড়া, খেলাধূলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপন, রোভারিং/গার্লস ইন রোভার, পরিষ্কার-পরিচ্ছন্নতা, জঙ্গীবাদ বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, ক্লিস কম্পিউটিশন, জাতীয় দিবসসমূহ পালন এবং বিভিন্ন সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ২২.০ শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ :**
 অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের প্রয়োজনে পোশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

- ২৩.০** ছাত্রছাত্রীদের পোষাক পরিচদ :
প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শৃঙ্খলা, এক্য ও শালীনতা এ তিনটি বিশেষ গুণের সমন্বয় সাধন এবং বাংলাদেশের ঝুতু বৈচিত্রের প্রতি লক্ষ্য রেখে গ্রীষ্মকালীন ও শীতকালীন এ দু'ধরনের পোষাক ছাত্রছাত্রীদের জন্য নির্ধারণ করা যাবে।
- ২৪.০** সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা :
বেসরকারি উদ্যোগে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলীও এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ২৫.০** পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল/প্রত্যাহার :
২৫.১ প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এবং সময় সময় বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। এ বিষয়ে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করা হবে।
- ২৫.২** পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠান বিদ্যমান ছাত্র/ছাত্রী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে এবং নিম্নোক্ত করণেও বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে;
(ক) সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও জারীকৃত বিধান বা নীতি লজ্জন করলে ,
(খ) বোর্ডের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের স্বীকৃতিপ্রাপ্ত ঠিকানা পরিবর্তন করলে।
- ২৬.০** সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হবে।
- ২৭.০** ব্যাখ্যা :
এ নীতিমালার কোন ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ২৮.১** সংরক্ষণ :
কোন কারণ ব্যতিরেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য সাধারণ শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানে শাখা সংযোজন ও স্বীকৃতি প্রদান করা বা না করার ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ২৮.২** আপীল :
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এ সংক্রান্ত কোন সিদ্ধান্তে সংক্ষুক কোন আবেদনকারী বা উদ্যোক্তা শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আপীল কমিটির নিকট আপীল করতে পারবেন। আপীল কমিটি সার্বিক পরিস্থিতি বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করবে।
- ২৯.০** অঙ্গীকারনামা প্রদান :
ক) প্রতিষ্ঠান স্থাপনের অনুমতির জন্য আবেদনের সময় উদ্যোক্তাগণকে ৩০০ (তিনি শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পের ওপর উল্লিখিত শর্তাবলি পূরণ হয়েছে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলি পালন করা হবে-মর্মে আবেদনের সাথে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। পরিশিষ্ট-৩ (ক)
খ) পাঠদানের আবেদনের সাথে উদ্যোক্তাগণকে ৩০০ (তিনি শত) টাকার বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পের ওপর নীতিমালা অনুসারে ভৌত অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণ, যন্ত্রপাতি ত্রয়, ল্যাবে সংস্থাপন ও রক্ষণাবেক্ষণ, তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠান নিশ্চিতকরণ, প্রয়োজনীয় ল্যাব ম্যাটেরিয়াল ত্রয় ও সরবরাহ নিশ্চিতকরণ হয়েছে এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক-কর্মচারী নিয়োগ, সংযুক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে কারিগরি অংশের শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের অংশ গ্রহণ এবং সকল ক্ষেত্রে সম অধিকার নিশ্চিতকরণ, ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ, অগ্রগতি কার্ড যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ, প্রতিষ্ঠান এমপিও ভূক্ত না হলেও জনবল কাঠামো অনুসারে স্ব-অর্থায়নে শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করা হবে, ইত্যাদি বিষয়ে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। পরিশিষ্ট-৩ (খ)
- ৩০.০** অ্যাফিলিয়েশন কমিটি :
(ক) প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান: পরিশিষ্ট-৪
(খ) শাখা/টেকনোলজি সংযোজন এবং আসন বৃদ্ধি: পরিশিষ্ট-৫।
- ৩১.০** হেফাজতকরণ : এই নীতিমালা জারীর তারিখ থেকে এ সংক্রান্ত পূর্বের জারীকৃত সকল নীতিমালা ও আদেশ রহিত হবে।

(মোঃ আলমগীর)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

পরিশিষ্ট -১

ভৌত অবকাঠামো :

ক. কক্ষের বিবরণ

সাধারণ

- অধ্যক্ষ/পরিচালকের কক্ষ ১ টি : ১৫০ ব: ফুট
- অফিস কক্ষ ১ টি : ১৫০ ব: ফুট
- একাডেমিক কক্ষ ১ টি : ১৫০ ব: ফুট
- পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ ১ টি : ১৫০ ব: ফুট
- ছাত্রদের কমনরুম ১ টি : ১৫০ ব: ফুট
- ছাত্রদের কমনরুম ১ টি : ১৫০ ব: ফুট
- স্টোর ১ টি : ২০০ ব: ফুট
- টিচার্স কমনরুম ১ টি : ২০০ ব: ফুট
- টয়লেট (পুরুষ ও মহিলাদের জন্য ২ টি : ১০০ ব: ফুটআলাদা)
- কনফারেন্স হলরুম ১ টি : ১২০০ ব: ফুট
- লাইব্রেরি ১ টি : ৪০০ ব: ফুট
- প্রতিষ্ঠানে কমপক্ষে ৬-৮ ফুট চওড়া পর্যাপ্ত পরিমাণ জায়গা বারান্দা/করিডোর হিসেবে থাকতে হবে।
- প্রতিষ্ঠানের মোট আয়তনের ন্যূনতম ১০% গ্রীন স্পেস-এর জন্য থাকতে হবে।
- শিক্ষক, শিক্ষার্থী ও আগত অভিভাবকগনের জন্য সু-পেয় পানির ব্যবস্থা থাকতে হবে।

শ্রেণি কক্ষ

- প্রতি টেকনোলজি প্রতি গ্রুপ (প্রতিটি) ৮ টি : ৪০০ বর্গফুট

শিক্ষকদের বসার কক্ষ

- বিভাগীয় প্রধান ১ টি : ১০০ ব: ফুট
- শিক্ষকমণ্ডলী ১ টি : ১৫০ ব: ফুট

ল্যাবরেটরি/ওয়ার্কশপ

সাধারণ

- পদার্থ বিজ্ঞান (প্রতি ২০ জন ছাত্রের জন্য) ১ টি : ২০০ ব: ফুট
- রসায়ন বিজ্ঞান(প্রতি ২০ জন ছাত্রের জন্য) ১ টি : ২০০ ব: ফুট
- সিভিল /সিভিল(উড) /আর্কিটেকচার /কস্ট্রাকশন /আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়ার ডিজাইন /মাইনিং এন্ড মাইন সার্ভে টেকনোলজি
 - উড ওয়ার্কশপ ১ টি : ৬০০ ব: ফুট
 - টেস্টিং ল্যাব ১ টি : ৪০০ "
 - হাইড্রলিক ল্যাব ১ টি : ৪০০ "
 - এনভায়রনমেন্টাল/পশ্চাস্থিং ল্যাব ১ টি : ৪০০ "
 - সার্ভে শপ ১ টি : ৩০০ "
 - ড্রাফটিং ল্যাব ১ টি : ৩০০ "
 - আর্কিটেকচার ড্রাফটিং ল্যাব ১ টি : ৪০০ "
 - মডেল ম্যাকিং ল্যাব ১ টি : ৪০০ "
 - কম্পিউটার ল্যাব ১ টি : ৪০০ "
 - বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ল্যাব ১ টি : ৪০০ "

● মেকানিক্যাল টেকনোলজি	
- মেশিন শপ	১ টি : ৬০০ ব: ফুট
- টেস্টিং ল্যাব	১ টি : ৮০০ "
- ধাতু ও তাপ বিজ্ঞান ল্যাব	১ টি : ৮০০ "
- মেটাল শপ	১ টি : ৮০০ "
- ফাউন্ডেশন ওয়ার্কশপ	১ টি : ৮০০ "
- ওয়েল্ডিং শপ	১ টি : ৮০০ "
- বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ল্যাব	১টি : ৮০০ "
- কম্পিউটার ল্যাব	১টি : ৮০০ "
● ইলেক্ট্রিক্যাল টেকনোলজি	
- ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং শপ	১ টি : ৮০০ ব: ফুট
- ইলেক্ট্রিক্যাল মেশিন শপ	১ টি : ৬০০ "
- ইলেক্ট্রিক্যাল মেজারিং ইস্ট্রুমেন্ট শপ	১ টি : ৮০০ "
- কম্পিউটার ল্যাব	১টি : ৮০০ "
- বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব	১টি : ৮০০ "
- মাইক্রোপ্রসেসর অ্যান্ড ডিজিটাল ল্যাব	১ টি : ৮০০ "
ইলেক্ট্রনিক্স টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ ইস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল টেকনোলজি	
- বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব	১ টি : ৮০০ ব: ফুট
- ডিজিটাল ইলেক্ট্রনিক্স ল্যাব	১ টি : ৮০০ "
- মাইক্রোপ্রসেসর অ্যান্ড কম্প্রেসর শপ	১ টি : ৮০০ "
- ইলেক্ট্রনিক্স মেজারিং ইস্ট্রুমেন্ট শপ	১ টি : ৮০০ "
- কম্পিউটার ল্যাব	১টি : ৮০০ "
● কম্পিউটার টেকনোলজি	
- কম্পিউটার ল্যাব	১ টি : ৮০০ ব: ফুট
- মাইক্রোপ্রসেসর অ্যান্ড ডিজিটাল ল্যাব	১ টি : ৮০০ "
- কম্পিউটার হার্ডওয়্যার ল্যাব	১ টি : ৮০০ "
- কম্পিউটার সফট ওয়্যার ল্যাব	১টি : ৮০০ "
- বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ল্যাব	১টি : ৮০০ "
● পাওয়ার টেকনোলজি	
- হিট ইঞ্জিন ল্যাব	১ টি : ৮০০ ব: ফুট
- থার্মোডাইনামিক্স ল্যাব	১ টি : ৮০০ "
- পাওয়ার শপ	১ টি : ৬০০ "
- কম্পিউটার ল্যাব	১টি : ৮০০ "
- বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ল্যাব	১টি : ৮০০ "
● রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং টেকনোলজি	
- রেফ্রিজারেশন ল্যাব	১ টি : ৮০০ ব: ফুট
- এয়ারকন্ডিশনিং ল্যাব	১ টি : ৮০০ "
- বেসিক ইলেক্ট্রনিক্স এন্ড ইলেক্ট্রিক্যাল ল্যাব	১টি : ৮০০ "
- কম্পিউটার ল্যাব	১টি : ৮০০ "

- কেমিক্যাল টেকনোলজি
 - কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ ১ টি : ৬০০ ব: ফুট
 - কেমিক্যাল/ইস্ট্রুমেন্টেশন এনালাইসিস ল্যাব ১ টি : ২০০ "
 - প্রসেস ইস্ট্রুমেন্টেশন অ্যান্ড ১ টি : ২০০ "

এনালাইসিস ল্যাব
 - জেনারেল কেমিস্ট্রি ল্যাব ১ টি : ৮০০ "
 - বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব ১টি : ৮০০ "
 - কম্পিউটার ল্যাব ১টি : ৮০০ "

- ফুড টেকনোলজি
 - ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন ল্যাব ১ টি : ৪০০ ব: ফুট
 - ফুড মাইক্রোবায়োলজি ল্যাব ১ টি : ২০০ "
 - ফুড কোয়ালিটি কন্ট্রোল/ ১ টি : ২০০ "

এনালাইসিস
 - ফুড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ ১ টি : ৪০০ "
 - বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব ১টি : ৪০০ "
 - কম্পিউটার ল্যাব ১টি : ৪০০ "

- ইলেক্ট্রো-মেডিক্যাল টেকনোলজি
 - বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব ১ টি : ৪০০ ব: ফুট
 - বেসিক ইলেক্ট্রনিক্স ল্যাব ১ টি : ৪০০ "
 - ডিজিটাল ইলেক্ট্রনিক্স এন্ড ১ টি : ৪০০ "

মাইক্রোপ্রসেসর ল্যাব
 - ইলেক্ট্রোমেডিক্যাল ইকুইপমেন্ট ল্যাব ১ টি : ৪০০ "

১টি : ৪০০ "

- অটোমোবাইল টেকনোলজি
 - অটোমোবাইল সপ ১ টি : ৮০০ ব: ফুট
 - পাওয়ার সপ ১ টি : ৬০০ "
 - বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ১ টি : ৪০০ "

ইলেক্ট্রনিক্স ল্যাব
 - কম্পিউটার ল্যাব ১ টি : ৪০০ "

- মেকাট্রনিক্স টেকনোলজি
 - মেশিন সপ ১ টি : ৪০০ ব: ফুট
 - মেটাল সপ ১ টি : ৪০০ "
 - বেসিক ইলেক্ট্রিক্যাল এন্ড ১ টি : ৪০০ "

ইলেক্ট্রনিক্স ল্যাব
 - কম্পিউটার ল্যাব ১ টি : ৪০০ "

১টি : ৪০০ "

ডিজিটাল ইলেক্ট্রনিক্স এন্ড

মাইক্রোপ্রসেসর ল্যাব

- এন্ডোয়ারনমেন্টাল টেকনোলজি
 - হাইড্রলিক্স ল্যাব ১ টি : ৪০০ ব: ফুট
 - এন্ডোয়ারনমেন্টাল ল্যাব ১ টি : ৪০০ "
 - বেসিক ইলেকট্রিক্যাল এন্ড
ইলেকট্রনিক্স ল্যাব ১ টি : ৪০০ "
 - কম্পিউটার ল্যাব ১ টি : ৪০০ "
- গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজি
 - প্যাটার্ন মেকিং সপ ১ টি : ৪০০ ব: ফুট
 - সুইফ্ট সপ ১ টি : ৪০০ "
 - ডাইফিং ল্যাব ১ টি : ৪০০ "
 - বেসিক ইলেকট্রিক্যাল এন্ড
ইলেকট্রনিক্স ল্যাব ১ টি : ৪০০ "
 - কম্পিউটার ল্যাব ১ টি : ৪০০ "
- কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ডাটা টেলিকমিউনিকেশন টেকনোলজি
 - টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং ল্যাব ১টি : ৪০০ ব: ফুট
 - কম্পিউটার সফটওয়ার ল্যাব ১টি : ৪০০ "
 - কম্পিউটার হার্ডওয়ার ল্যাব ১টি : ৪০০ "
 - ডিজিটাল ইলেকট্রনিক্স ল্যাব ১টি : ৪০০ "
 - বেসিক ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ল্যাব ১টি : ৪০০ "
- ল্যাব ও শপে ব্যবহারিক
ক্লাসের প্রয়োজনীয় যন্ত্রপাতি
থাকতে হবে।
- এই তালিকায় নাই এন্ডপ
টেকনোলজির জন্য বোর্ড
কর্তৃক নিরূপিত ভৌত
কাঠামো প্রযোজ্য হবে।

পরিশিষ্ট-২

আসবাবপত্র ও শিক্ষা উপকরণ

অফিস কক্ষ(অধ্যক্ষ):

- (০১) ফুল সেক্রেটারিয়াল টেবিল- ০১ টি
- (০২) কুশন চেয়ার (আর্মড) - ০৫ টি
- (০৩) সোফা - ০১ সেট
- (০৪) ফাইল কেবিনেট - ০১ টি
- (০৫) ষ্টীল আলমীরা - ০১টি
- (০৬) কম্পিউটার - ০১ টি (প্রিন্টার ও ইন্টারনেট সংযোগসহ)

চিচার্স কমন্ট্রুম:

- (০১) লম্বা টেবিল - ০১ টি
- (০২) আর্মড কুশন চেয়ার- ১০ টি
- (০৩) ফাইল কেবিনেট - ০২টি

অফিস কক্ষ/একাডেমিক/পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ :(প্রতিটির জন্য)

- ০১) ষ্টীল আলমীরা - ০১টি
- ০২) ফাইল কেবিনেট- ০২টি
- ০৩) চেয়ার - ০৫টি।

ছাত্রদের কমনরুম/ছাত্রদের কমনরুম: (প্রতিটির জন্য)

- ১) বেঞ্চ : ৪ (চার) টি
- ২) প্রয়োজনীয় খেলার সরঞ্জামাদি

স্টোর রুম

- ১) র্যাক ১টি
- ২) প্রয়োজনীয় অন্যান্য আসবাবপত্র

টেকনোলজি ভিত্তিক বিভিন্ন যন্ত্রপাতির মডেল শিক্ষা উপকরণ হিসেবে থাকতে হবে।

লাইব্রেরি :

- ১) প্রতি দুইটি টেকনোলজির প্রতি গ্রন্থপুর জন্য বইয়ের র্যাক -১টি
- ২) প্রতি টেকনোলজির প্রতি গ্রন্থপুর জন্য ৫ (পাঁচ) টি চেয়ার এবং একটি টেবিল

শ্রেণি কক্ষ:

- ১) ট্যাবলয়েড চেয়ার ১০০টি প্রতি টেকনোলজির প্রতি গ্রন্থ
- ২) লেকচার টেবিল -১টি (প্রতি রুম)
- ৩) ডায়াস -১টি (প্রতি রুম)

ল্যাব ও শপ

প্রতি শপে / ল্যাবে ব্যবহারিক কাজের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ও টেবিল ।

পরিশিষ্ট-৩ (ক)

জমির
মালিকের ছবি

জমি প্রদানের অঙ্গীকারনামা

(জমির মালিকের নামে ক্রয়কৃত সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন জুডিশিয়াল ষ্টাম্পে নোটারি পাবলিকের
মাধ্যমে মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)

১। আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, মূল আবেদনপত্রের সাথে সংযোজিত দলিলে আমার/আমাদের নামে নামজারিকৃত ও
ভোগদখলে থাকা নিম্নবর্ণিত তফশিলভূক্ত জমি { (অবকাঠামোসহ (যদি থাকে)} প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর
প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রি দলিলের মাধ্যমে হস্তান্তরসহ নামজারি করে দেয়া হবে।

জমির তফশিল :

ক) জমির চৌহদ্দি

উত্তরে-

দক্ষিণে-

পূর্বে-

পশ্চিমে-

খ) জমির পরিমাণ :

গ) দাগ নম্বর :

ঘ) খতিয়ান নম্বর :

ঙ) মৌজার নাম :

চ) জে এল নং

জমির মালিকের স্বাক্ষর

(নাম) :

পিতার নাম :

মাতার নাম :

পেশা :

পূর্ণ ঠিকানা :

মোবাইল নং :

ই-মেইল :

- ২। এ মর্মে অঙ্গীকার করছি যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদনপত্রে ও সংযোজনীতে প্রদত্ত তথ্যাবলি সত্য।
- ৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতিতে আরোপিত যাবতীয় শর্তাবলি পূরণ করা হবে। আরোপিত শর্তাবলি পূরণে ব্যর্থ হলে এবং আমার/আমাদের আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত নীতিমালা ও এস,আর,ও নং ৫২-আইন/৯৬ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।
- ৪। বোর্ডের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নিশ্চিতকরণ, যন্ত্রপাতি ক্রয় পূর্বক ল্যাবে সংস্থাপন ও রক্ষণাবেক্ষণ করা হবে। তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠান নিশ্চিতকরণ করা হবে। ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় কাঁচামাল ক্রয় ও সরবরাহ নিশ্চিতকরণ করা হবে। জনবল কাঠামো অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হবে। ধারাবাহিক মূল্যায়নের বের্কেট সংরক্ষণসহ অগ্রগতি কার্ড যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ নিশ্চিত করা হবে। এমপিও দাবি করা হবেনা এবং জনবল কাঠামো অনুসারে শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হবে। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি বহণ করা হবে। নীতিমালায় বর্ণিত সকল শর্তাবলী পূরণ করা হবে এবং পরবর্তীতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলী পালন করা হবে। কোন শর্তপূরণে ব্যর্থ হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

সভাপতির স্বাক্ষর

অধ্যক্ষ/পরিচালক-এর স্বাক্ষর

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উদ্যোগী
সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি নাম ও
পূর্ণাঙ্গ ঠিকানাসহ)
মোবাইল নং
ই-মেইল

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উদ্যোগী
সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি নাম ও
পূর্ণাঙ্গ ঠিকানাসহ)
মোবাইল নং
ই-মেইল

পরিশিষ্ট-৩ (খ)

অঙ্গীকারনামা

(সভাপতির নামে ক্রয়কৃত সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন জুডিশিয়াল ট্যাম্পে নোটারি পাবলিকের মাধ্যমে পরিদর্শন
প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে)

- ১। এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতি/ঝীকৃতি প্রদানকালে বোর্ড কর্তৃক আরোপিত শর্তাবলী যথাযথভাবে পালন করা হবে।
- ২। নীতিমালায় বর্ণিত সকল শর্তাবলি পূরণ করা হবে এবং পরবর্তিতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলী পালন করা হবে। কোন শর্তপূরণে ব্যর্থ হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।
- ৩। যে জমির উপর প্রতিষ্ঠান অবস্থিত, প্রতিষ্ঠানের নামে সেই জমির রেজিস্ট্রিকৃত দলিল ও নামজারি এবং উক্ত জমির উপরে নির্মিত প্রতিষ্ঠানের নিজস্ব ভবন ও অবকাঠামো সংক্রান্ত দলিলাদিসহ অন্যান্য যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র ইতিমধ্যে বোর্ডে জমা দেওয়া হয়েছে এবং হচ্ছে পরবর্তীতে সেগুলো ভুয়া প্রমাণিত হলে এবং যে কোন প্রকার অনিয়ম, অব্যবস্থাপনা ও প্রতারণার আশ্রয় নিলে এবং পাঠদানের প্রাথমিক অনুমতি/ঝীকৃতি প্রদানকালে বোর্ড কর্তৃক আরোপিত যেকোন শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এস,আর,ও নং-৫২-আইন/৯৬-এর প্রবিধান ২০১৩ অনুসারে পাঠদান/প্রতিষ্ঠানের ঝীকৃতি বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন আপত্তি থাকবে না এবং এ ব্যাপারে বোর্ডের যেকোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

সভাপতির স্বাক্ষর

অধ্যক্ষ/পরিচালক-এর স্বাক্ষর

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উদ্যোগী
সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি
নাম ও পূর্ণাঙ্গ ঠিকানাসহ)
মোবাইল নং
ই-মেইল

(প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/উদ্যোগী
সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি নাম
ও পূর্ণাঙ্গ ঠিকানাসহ)
মোবাইল নং
ই-মেইল

পরিশিষ্ট-৪

অ্যাফিলিয়েশন কমিটি (স্থাপন/পার্ঠদান)

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-	সভাপতি
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	সদস্য
৪. পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	সদস্য
৫. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিউট	সদস্য
৬. পরিচালক (কারিকুলাম)	সদস্য
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)	সদস্য সচিব

বিঃ দ্রঃ কমিটির কোন সদস্য অ্যাফিলিয়েশন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।

পরিশিষ্ট-৫

অ্যাফিলিয়েশন কমিটি (শাখা সংযোজন)

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-	সভাপতি
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	সদস্য
৪. পরিচালক (কারিকুলাম)	সদস্য
৫. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিউট	সদস্য
৬. পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	সদস্য
৭. উপ পরিদর্শক (ডিপ্লোমা)	সদস্য সচিব

বিঃ দ্রঃ কমিটির কোন সদস্য অ্যাফিলিয়েশন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।

পরিশিষ্ট-৬ : বিভিন্ন ফরম

পরিশিষ্ট-৭

লাইব্রেরির বইয়ের সংখ্যা: প্রতি টেকনোলজির জন্য সর্বনিম্ন ৫০০ (পাঁচ শত) কপি।

- বইয়ের ধরণ:**
১. টেকনোলজি ভিত্তিক রেফারেন্স বই ৫০%
 ২. বাংলাদেশের স্থানীন্তা ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই ২০%
 ৩. সাহিত্য বিষয়ক বই ১০%
 ৪. ইতিহাস বিষয়ক বই ১০%
 ৫. গবেষণা বিষয়ক বই ৫%
 ৬. আজ্ঞাবনী ৫%।